গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও,
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০০০.০০১.০৪.০০০১.২০২৫-

তারিখঃ ১৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

# নিয়োগ পত্র

জাতীয় রাজস্ব বোর্ডের 'নিয়োগ পরীক্ষা-২০২৫' এর আওতায় রাজস্ব খাতভুক্ত ১৬তম গ্রেডের 'ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর' পদে জনবল নিয়োগের লক্ষ্যে অপেক্ষমাণ তালিকা হতে নিম্নবর্ণিত প্রার্থীদ্বয়কে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে) নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক নং | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | রোল নং | জন্ম তারিখ | পদের নাম | গ্রেড ও বেতন স্কেল |
|---|---|---|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ নাসির উদ্দিন<br>পিতা: মিন্টু মিয়া<br>মাতা: নারগিস বেগম | গ্রাম: আকুয়া কান্দাপাড়া, ফুলবাড়িয়া, পোস্ট: ময়মনসিংহ সদর, উপজেলা: ময়মনসিংহ সদর, জেলা: ময়মনসিংহ | ১৬০১৯৯৯৩ | ২৫/১১/১৯৯৮ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০ টা: |
| ০২। | জনাব সুজন সরকার<br>পিতা: রতন সরকার<br>মাতা: ঠান্ডী রানী | গ্রাম: বনগ্রাম, পোস্ট: তেঘরিয়া উপজেলা: দক্ষিণ কেরাণীগঞ্জ, জেলা: ঢাকা | ১৬০১৬৯১৬ | ২৫/১১/১৯৯৯ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০ টা: |

## নিয়োগের শর্তাবলী:

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

(খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। সন্তোষজনক বিবেচিত না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ শিক্ষানবিসকাল অতিরিক্ত আরো ২ (দুই) বৎসর পর্যন্ত বর্ধিত করতে পারবে। শিক্ষানবিসকালে তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বিবেচিত হলে, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই তাঁকে চাকরি হতে অপসারণ করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হওয়া সাপেক্ষে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(গ) যোগদানের সময় এই নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(ঘ) প্রচলিত সরকারি বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান মোতাবেক চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঙ) যদি কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করিয়া থাকেন অথবা বিবাহ করিবার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(চ) প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোনরূপ বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করতে পারবে;

(ছ) চাকরিতে যোগদানকালে তাঁকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, তিনি নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(জ) নিয়োগপত্র সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ মোতাবেক/অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঝ) এই চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ঞ) যোগদানের সময় মূল প্রবেশপত্র, মূল আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল কাগজপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;

(ট) প্রার্থীদের পুলিশ প্রত্যয়ন বিবরণী সন্তোষজনক না হলে বা বিরূপ মন্তব্য থাকলে তাঁদের নিয়োগ বাতিল করা হবে; এবং

(ঠ) **আগামী ০৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা** বরাবর লিখিত যোগদানপত্র বোর্ড প্রশাসন (কক্ষ নং-৬২৩) এ দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে কোন প্রার্থী যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নথি নং- ০৮.০১.০০০০.০০০.০০১.০৪.০০০১.২০২৫-

তারিখঃ ১৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
৩১ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৫. সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬. মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি)/গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে উক্ত পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১/২/৩/৪/৫/এস্টেট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. জনাব ------------------------------------------------
১৩. ব্যক্তিগত নথি।

৩১/০৮/২০২৬

(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা